


**(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
মহিলা বিষয় অধিদপ্তর, গাজীপুর।
www.dwa.gazipur.gov.bd

স্মারক নং-৩২.০১.৩৩০০.০০০.০০০.১৮.০৭০(অংশ-২).২৫.৮৯৬ তারিখ: ১৮ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ / ০২ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: নিবন্ধিত স্বেচ্ছাসেবী মহিলা সমিতির মধ্যে ২০২৬-২৭ অর্থবছরের অনুদান বিতরণের লক্ষ্যে আবেদনপত্র গ্রহণ ও প্রেরণ প্রসংগে।

সূত্র: মবিঅ, ঢাকা এর স্মারক নং- ৩২.০১.০০০০.০০০.০০৫.০২.০০০৩.২৪.৭, তারিখ: ২৯/০৭/২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, নিবন্ধিত স্বেচ্ছাসেবী মহিলা সমিতির মধ্যে ২০২৬-২৭ অর্থবছরের অনুদান বিতরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশিত হয়েছে। নিবন্ধিত স্বেচ্ছাসেবী মহিলা সমিতির মধ্যে অনুদান বিতরণ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনাবলী ও বিজ্ঞপ্তির কপি সংযুক্ত করা হলো। অনুদান বিতরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের ওয়েব সাইটে আপলোড ও নোটিশ বোর্ডে টানানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

আগামী ৩০/০৯/২০২৬ খ্রি. তারিখের মধ্যে ঘূর্ণায়মান অনুদানের জন্য ভালমানের কমপক্ষে ২টি আবেদনপত্র এবং সাধারণ অনুদানের আবেদনপত্র উপজেলা কমিটির সুপারিশসহ জেলা কার্যালয়ে প্রেরণ করতে হবে। উক্ত তারিখের পর ঘূর্ণায়মান ও সাধারণ অনুদানের আবেদনপত্র গ্রহণ করা হবে না এবং সদর কার্যালয়ে প্রেরণ করা হবে না। স্বেচ্ছাসেবী মহিলা সমিতিসমূহের মধ্যে অনুদান বিতরণ নীতিমালা-২০২৪ অনুযায়ী স্বেচ্ছাধীন, ঘূর্ণায়মান ও সাধারণ অনুদানের আবেদনপত্র প্রেরণ করতে হবে। **কোন অবস্থায় কার্যক্রমবিহীন, নিষ্ক্রিয় ও অস্তিত্ববিহীন সমিতি অনুদানের জন্য সুপারিশ করা যাবে না।**

উল্লেখ্য, অনুদানের আবেদনপত্র প্রেরণের জন্য আবেদনকৃত সমিতির নাম, ঠিকানা, রেজিস্ট্রেশন নম্বর ও তারিখ সঠিকভাবে উল্লেখ করতে হবে। ত্রুটিপূর্ণ ও অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

এমতাবস্থায়, জরুরী ভিত্তিতে আপনার উপজেলায় ৩০ জুন ২০২৬ তারিখ পর্যন্ত নিবন্ধিত সক্রিয় সমিতির হালনাগাদ তথ্য প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**উল্লেখ্য, অনুদানের আবেদন ফরম মহিলা বিষয়ক অধিদপ্তরের ওয়েবসাইট: www.dwa.gov.bd হতেও ডাউনলোড করা যাবে।**

**সংযুক্তি:**

১। ২০২৬-২৭ অর্থবছরের অনুদান বিতরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি- ১ পাতা
২। অনুদান বিতরণ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনাবলী- ২ পাতা

০২/০৮/২৬
শিরিনা আক্তার
উপপরিচালক (অ. দা.)
মহিলা বিষয়ক অধিদপ্তর, গাজীপুর।
ফোন: ০২-২২৪৪২৩১৬২
ই-মেইল: dwaogazipur18@gmail.com

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল)
গাজীপুর।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
২। পরিচালক (যুগ্মসচিব), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৩। জেলা প্রশাসক, গাজীপুর।
৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল), গাজীপুর।
৫। উপপরিচালক (রেজিস্ট্রেশন ও জনসংযোগ), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৬। অফিস কপি।

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## মহিলা বিষয়ক অধিদপ্তর

৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা

www.dwa.gov.bd

স্মারক নং-৩২.০১.০০০০.০০০.০১৮.০২৫.০৯৭.২৬.৯৩

তারিখ: ২১/০৭/২০২৬

### স্বেচ্ছাসেবী মহিলা সমিতির মধ্যে ২০২৬-২০২৭ অর্থবছরের অনুদান বিতরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক নিবন্ধনকৃত স্বেচ্ছাসেবী মহিলা সমিতিসমূহের মধ্যে ২০২৬-২০২৭ অর্থবছরের (সাধারণ, ঘূর্ণায়মান ও স্বেচ্ছাধীন) অনুদান বিতরণের লক্ষ্যে নির্ধারিত ফরমে নিম্নোক্ত শর্তে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

| অনুদানের শ্রেণি | আবেদন দাখিলের সময়সীমা | আবেদন দাখিলের স্থান | ফরম | আবেদন ফরম প্রাপ্তি স্থান |
|---|---|---|---|---|
| সাধারণ অনুদান | উপজেলা পর্যায়ে ১৫ সেপ্টেম্বর' ২০২৬ জেলা পর্যায়ে ১৫ অক্টোবর' ২০২৬ | ১। উপজেলা পর্যায়ে সংশ্লিষ্ট উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়<br>২। জেলা পর্যায়ে সংশ্লিষ্ট উপপরিচালকের কার্যালয় | নির্ধারিত ফরম | সংশ্লিষ্ট উপজেলা/ উপপরিচালকের কার্যালয় এবং মহিলা বিষয় বিষয়ক অধিদপ্তরের website: www.dwa.gov.bd |
| ঘূর্ণায়মান অনুদান | উপজেলা পর্যায়ে ১৫ সেপ্টেম্বর' ২০২৬ জেলা পর্যায়ে ১৫ অক্টোবর' ২০২৬ | ১। উপজেলা পর্যায়ে সংশ্লিষ্ট উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়<br>২। জেলা পর্যায়ে সংশ্লিষ্ট উপপরিচালকের কার্যালয় | নির্ধারিত ফরম | |
| স্বেচ্ছাধীন অনুদান | ফেব্রুয়ারি' ২০২৭ | ১। উপজেলা পর্যায়ে সংশ্লিষ্ট উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়<br>২। জেলা পর্যায়ে সংশ্লিষ্ট উপপরিচালকের কার্যালয়<br>৩। প্রধান কার্যালয় মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা এবং<br>৪। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | নির্ধারিত ফরম | |

২। আবেদন করার যোগ্যতা

ক) মহিলা বিষয়ক অধিপ্তরের আওতায় নিবন্ধিত হতে হবে।

খ) সাধারণ ও ঘূর্ণায়মাণ অনুদানের ক্ষেত্রে নিবন্ধনের মেয়াদ ১৫/১১/২০২৬ তারিখে ০২ (দুই) বছর পূর্ণ হতে হবে।

গ) স্বেচ্ছাধীন অনুদানের ক্ষেত্রে নিবন্ধনের মেয়াদ ০১ (এক) বছর পূর্ণ হতে হবে।

৩। আবেদনের সাথে যে সকল কাগজপত্র ও তথ্যাদি সংযুক্ত করতে হবে।

ক) রেজিস্টেশন ও হালনাগাদ নবায়ন কার্ডের সত্যায়িত অনুলিপি;

খ) সমবায়/সরকার অনুমোদিত অডিট ফার্ম কর্তৃক সম্পাদিত হালনাগাদ আউট রিপোর্ট (৩০/০৬/২০২৬ পর্যন্ত ২ বছর);

গ) সংশ্লিষ্ট উপপরিচালক/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কর্তৃক সরেজমিন হালনাগাদ সমিতি পরিদর্শন মূল্যায়ন প্রতিবেদন।

ঘ) সংস্থার বর্তমান কার্যক্রম ও ভবিষ্যত কর্মপরিকল্পনা;

ঙ) নাম, পদবী ও ভোটার আইডি কার্ড/জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপিসহ স্বেচ্ছাসেবী মহিলা সমিতি নিবন্ধন ও পরিচালনা নির্দেশিকা, ২০২১ এর আলোকে ০৯ সদস্য বিশিষ্ট কার্যকরী কমিটির তালিকা;

চ) সাধারণ পরিষদ কর্তৃক অনুমোদিত চলতি অর্থবছরের বাজেট।

ছ) ২০২৪-২০২৫ অর্থবছরে প্রাপ্ত অনুদানের অর্থ (যদি পেয়ে থাকেন) কি কাজে ব্যবহার করা হয়েছে তার বিবরণ;

জ) চলতি অর্থবছরের অনুদানের অর্থ কি কাজে ব্যবহার করা হবে তার বিবরণ এবং আবেদন ফরমে চাহিত অন্যান্য প্রমাণক;

ঝ) ঘূর্ণায়মাণ অনুদানের ক্ষেত্রে সমিতর অফিসের নিজস্ব/ভাড়া বাড়ীর চুক্তিপত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত কতে হবে;

৪। নিবন্ধনকৃত স্বেচ্ছাসেবী মহিলা সমিতির মধ্যে বার্ষিক এককালীন সাধারন/ঘূর্ণায়মাণ/স্বেচ্ছাধীন অনুদান প্রাপ্তির জন্য নির্ধারিত আবেদন ফরমে আবেদন করতে হবে। একটি সমিতি সাধারন/ঘূর্ণায়মাণ/স্বেচ্ছাধীন যে কোন একটি শ্রেণিতে আবদেন করতে পারবে। একাধিক শ্রেণিতে আবেদন করলে আবেদন বাতিল বলে গণ্য হবে। আবেদন ফরম মহিলা বিষয়ক অধিদপ্তরের **website: www.dwa.gov.bd** হতে ডাউনলোড করা যাবে। নির্ধারিত তারিখের পরে কোন আবেদনপত্র জমা দিলে তা গ্রহণ যোগ্য হবে না। ত্রুটিপূর্ণ ও অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের ব্যাপরে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

২১/০৭/২০২৬

(মর্জিনা ইয়াসমিন)
উপপরিচালক (রেজিঃ ও জনসংযোগ)
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
ফোন: ৪৯৩৫০৩৯১

GD-1826

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা
www.dwa.gov.bd

**নিবন্ধিত স্বেচ্ছাসেবী মহিলা সমিতির মধ্যে ২০২৬-২০২৭ অর্থবছরের অনুদানের আবেদনপত্র মহিলা বিষয়ক অধিদপ্তরে প্রেরণ সংক্রান্ত নির্দেশনাবলী।**

১। জেলা/উপজেলাধীন সকল নিবন্ধনকৃত স্বেচ্ছাসেবী মহিলা সমিতিকে বার্ষিক এককালীন অনুদানের নির্ধারিত ৩ কপি ফরম বিনামূল্যে উপপরিচালকের কার্যালয় হতে সংগ্রহের জন্য পত্রের মাধ্যমে জানাতে হবে। আবেদন ফরম মহিলা বিষয়ক অধিদপ্তরের website : www.dwa.gov.bd হতে ডাউনলোড করা যাবে।

২। স্বেচ্ছাসেবী মহিলা সমিতির তথ্যাদি ছকের প্রতিটি কলাম যথাযথভাবে পূরণ করা না হলে বা আবেদনপত্রে কোন তথ্য উল্লেখ না থাকলে বা তথ্য গোপন করা হলে অনুদান প্রদানের জন্য আবেদনপত্র বিবেচনা করা হবে না। প্রয়োজনবোধে সমিতি পরিদর্শনপূর্বক তথ্যাদি যাচাই বাছাই করতঃ সঠিকভাবে তথ্য দিতে হবে। যাচাইকালে সমিতির অফিস ও সাইনবোর্ড আছে কিনা তা পরীক্ষা করতে হবে। সাইন বোর্ডে মহিলা বিষয়ক অধিদপ্তরের নিবন্ধন নং ও তারিখ অবশ্যই লেখা থাকতে হবে।

৩। কোনক্রমেই নাম ঠিকানা অস্তিত্ববিহীন অথবা কার্যক্রম নাই এ ধরনের সমিতিকে অনুদানের জন্য সুপারিশ করা যাবে না। আবেদনপত্র ও ছক পূরণের বিষয়ে সমিতিকে সার্বিক সহযোগিতা প্রদান করতে হবে। প্রতিটি সমিতির আবেদনপত্রে উপপরিচালক/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা এবং সমিতির সভানেত্রী/সম্পাদিকা/কোষাধ্যক্ষার নামাঙ্কিত সীলসহ স্বাক্ষর ও তারিখ থাকতে হবে।

৪। ১৫/১১/২৬ তারিখে যে সকল সমিতির রেজিস্ট্রেশনের মেয়াদ ২ বছর পূর্ণ হবে না এ ধরনের সমিতি সাধারন অনুদান বা ঘূর্ণায়মান অনুদান প্রাপ্তির যোগ্যতা অর্জন করবে না। স্বেচ্ছাধীন অনুদানের জন্য সমিতির নিবন্ধনকাল ১ বছর পূর্ণ হতে হবে। স্বেচ্ছাসেবী মহিলা সমিতিসমূহের মধ্যে অনুদান বিতরণ নীতিমালা,২০২৪ অনুযায়ী স্বেচ্ছাধীন অনুদানের আবেদন ফেব্রুয়ারি ২০২৭ মাসের মধ্যে অবশ্যই প্রেরণ করতে হবে।

৫। আবেদনপত্রের সাথে উপপরিচালক/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কর্তৃক হালনাগাদ সরেজমিন সমিতি পরিদর্শন/মূল্যায়ন প্রতিবেদন অবশ্যই প্রেরণ করতে হবে।

৬। অসম্পূর্ণ/অস্পষ্ট আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। তালিকার প্রতি পাতায় স্বাক্ষরসহ তালিকার মূল কপি অবশ্যই ইউনিকোড ফন্টে সফট কপি ই-মেইল dd.dwa.reg@gmail.com এ প্রেরণ করতে হবে। কোন ক্রমেই ফটোকপি গ্রহণযোগ্য হবে না।

৭। অনুমোদিত গঠনতন্ত্রের কর্মসূচির সাথে প্রতিটি সমিতির আবেদনপত্রের তালিকার কর্মসূচিরর মিল থাকতে হবে। অনুদানের আবেদনপত্রে কোন সুপারিশ থাকলে সুপারিশকারীর নাম, পদবী তালিকায় উল্লেখ করতে হবে।

৮। উপজেলা পর্যায়ে গৃহীত আবেদনপত্রসমূহ উপজেলা কমিটির সুপারিশসহ ১৫/১০/২০২৬ তারিখের মধ্যে সংশ্লিষ্ট জেলার উপপরিচালকের কার্যালয়ে প্রেরণ করতে হবে। জেলা হতে প্রাপ্ত আবেদসমূহ জেলা কমিটির মাধ্যমে যাচাই-বাছাইপূর্বক ১৫/১১/২০২৬ তারিখের মধ্যে সমিতি কর্তৃক দাখিলকৃত অনুদান সংক্রান্ত আবেদনপত্র সদর কার্যালয়ে প্রেরণ করতে হবে।

৯। ঘূর্ণায়মান অনুদানের জন্য প্রতি উপজেলা হতে কমপক্ষে ২টি সমিতির আবেদন গ্রহণপূর্বক জেলা কমিটির মাধ্যমে যাচাই-বাছাইপূর্বক সভার কার্যবিবরণীর সত্যায়িত কপিসহ ভালমানের কমপক্ষে ৫ (পাঁচ) টি সমিতির নাম প্রস্তাবপূর্বক ১ প্রস্থ তালিকা ও ১ প্রস্থ আবেদনপত্র সদর কার্যালয়ে প্রেরণ করতে হবে।

১০। নিবন্ধনকৃত সমিতিসমূহকে বাৎসরিক অনুদান প্রদানের যে ব্যবস্থা চালু রয়েছে এ বিষয়ে সমিতির সদস্যগণকে ভালভাবে অবহিতকরণের জন্য সমিতি প্রতিনিধিদের সাথে সভা করতে হবে এবং ব্যাপক প্রচারের জন্য অনুদান প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তির কপি উপপরিচালকের কার্যালয়/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের নোটিশ বোর্ড, জেলা প্রশাসকের কার্যালয় / উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশবোর্ডে টানানোসহ ওয়েবসাইটে প্রদানের ব্যবস্থা করতে হবে।

CS CamScanner

১১। অনুদানের আবেদনপত্রের সাথে সমবায়/সরকার অনুমোদিত অডিট ফার্ম কর্তৃক সম্পাদিত সত্যায়িত অডিট রিপোর্ট প্রদানের বিষয়ে সমিতি কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।

১২। আবেদনপত্রের সাথে কার্যকরী কমিটির সদস্যদের জাতীয় পরিচয়পত্র/ভোটার আইডি কার্ডের সত্যায়িত ফটোকপিসহ সমিতির কার্যকরী কমিটির সদস্যদের তালিকা অবশ্যই প্রদান করতে হবে। উল্লেখ্য স্বেচ্ছাসেবী মহিলা সমিতি নিবন্ধন ও পরিচালনা নির্দেশিকা, ২০২১ অনুযায়ী ৯ সদস্য বিশিষ্ট কার্যকরী কমিটি হতে হবে এবং কমিটির মেয়াদ ৩ বছর হবে।

১৩। অনুদান বিতরণ সংক্রান্ত যাবতীয় কার্যাবলী স্বেচ্ছাসেবী মহিলা সমিতির মধ্যে অনুদান বিতরণ নীতিমালা,২০২৪; স্বেচ্ছাসেবী মহিলা সমিতি নিবন্ধন ও পরিচালনা নির্দেশিকা, ২০২১ এবং প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী গ্রহণ করতে হবে (অনুমোদিত নীতিমালা, নির্দেশিকা ও প্রচার বিজ্ঞপ্তি মহিলা বিষয়ক অধিদপ্তরের ওয়েবসাইটে পাওয়া যাবে)।

১৪। নিবন্ধিত মহিলা সমিতির সভানেত্রী, সাধারণ সম্পাদিকা ও কোষাধ্যক্ষ মহিলা বিষয়ক অধিদপ্তরের আওতাধীন মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র, রাজশাহী কর্তৃক আয়োজিত প্রশিক্ষণে অংশগ্রহণ আবশ্যক।

28/09/2025

(মর্জিনা ইয়াসমিন)
উপপরিচালক (রেজিঃ ও জনসংযোগ)
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।



CamScanner